গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নং- ২০০-এ/ও তারিখ-১৫/০৩/২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

সমবায় অধিদপ্তরের আওতাধীন পরিচালন (রাজস্ব) বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে (http://coop.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্র:নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | পরিদর্শক<br>গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- | ৩৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী | খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি। |
| ২. | মহিলা পরিদর্শক<br>গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী | -ঐ- |
| ৩. | প্রশিক্ষক<br>গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- | ১৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী | -ঐ- |
| ৪. | ফিল্ড ইনভেস্টিগেটর<br>গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- | ১৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতিসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী | -ঐ- |
| ৫. | কম্পিউটর<br>গ্রেড-১৪: ১০২০০-২৪৬৮০/- | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত অথবা পরিসংখ্যানসহ স্নাতক ডিগ্রী | -ঐ- |
| ৬. | সহকারী পরিদর্শক<br>গ্রেড-১৪: ১০২০০-২৪৬৮০/- | ১০৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী | -ঐ- |
| ৭. | মহিলা সহকারী পরিদর্শক<br>গ্রেড-১৪: ১০২০০-২৪৬৮০/- | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী | -ঐ- |
| ৮. | সহকারী প্রশিক্ষক<br>গ্রেড-১৪: ১০২০০-২৪৬৮০/- | ১১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী | -ঐ- |
| ৯. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪: ১০২০০-২৪৬৮০/- | ২ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন- গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ হতে হবে;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। | -ঐ- |
| ১০. | ড্রাইভার/ফিল্ম ভ্যান ড্রাইভার<br>গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | ৬ | অষ্টম শ্রেণী পাসসহ হালকা বা ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স | -ঐ- |
| ১১. | তাঁত সুপারভাইজার<br>গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | ৫ | সরকারী বয়ন স্কুল বা স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হতে কারিগরি কোর্স পরীক্ষায় উত্তীর্ণ | -ঐ- |
| ১২. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | ৪ | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। | -ঐ- |
| ১৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | ১০৮ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন- গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। | -ঐ- |

